

ঈশ্বর তার  
মেষশাবককে  
(যীশুকে) তোমার রঞ্জন  
জন্য পাঠিয়েছেন।

ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ—  
ঈশ্বর ইসহাককে রঞ্জন জন্য একটা মেষ পাঠালেন।  
তিনি তোমাকে রঞ্জন করার জন্য তার মেষশাবককে  
পাঠালেন। নিজ পরিত্রাণের জন্য তোমার উচিত  
এই মেষশাবককে গ্রহণ করা।



বাইবেল থেকে এই অংশটি  
পাঁচবার জোরে পড়।

ইসহাক বলল..... এই হলো আগুন ও কাঠ,  
কিন্তু মেষশাবক কোথায়? অব্রাহাম বললেন,  
বৎস হোমের নিমিত্ত ঈশ্বরের নিজেই মেষশাবক জোগাড়  
করে দেবেন।” আদি : ২২ : ৭,৮ পরদিন যোহন যীশুকে নিজের দিকে  
আসতে দেখে বললেন, “ঐ দেখ, ঈশ্বরের মেষশাবক যিনি জগতের  
পাপভার নিয়ে যান।” যোহন ১ : ২৯

এটা কি করতে পার?

—(নীচে) প্রতোক্তি প্রশ্নের উত্তর দাও।

১। কে বললো “মেষশাবক কোথায়.....”

২। কে বললেন, “ঈশ্বর সেই মেষ জোগাড় করে দেবেন।”

৩। কে বললেন, “ঐ দেখ ঈশ্বরের মেষশাবক।”

### সঠিক উত্তর

- ১। ইসহাক বললো “মেষশাবক কোথায়?”
- ২। অব্রাহাম বললেন, “ঈশ্বর সেই মেষশাবক জোগাড় করে দেবেন।”
- ৩। যোহন বললেন, “ঐ দেখ, সেই মেষশাবক।”

নীচের শব্দগুলি তোমার জানা উচিত  
পাপের নিমিত্ত বলিদান—একজন মানুষ বা পশু  
যে অন্যের পাপের জন্য শাস্তি বহন করে।  
হোমবলি—একটা জীবন্ত বলি যা (ঈশ্বরের উদ্দেশ্য) বেদীতে  
পোড়ানো হয়।  
বেদী—একটা স্থান যেখানে দান উৎসর্গ করা হয়।  
অনেক বেদী আছে যা পাথরের স্তূপ দিয়ে তৈরী।

ঈশ্বর ইসহাককে রক্ষণার জন্য একটা  
মেষশাবক পাঠালেন।  
নীচে বিন্দু ● হতে ● বিন্দু পর্যন্ত শব্দগুলির নীচে  
লম্বা দাগ দাও।  
একদিন ঈশ্বর অব্রাহামকে বললেন :  
“তোমার পুত্র ইসহাককে নিয়ে পাহাড়ে যাও এবং  
তাকে আমার উদ্দেশ্যে বলি দাও।”



অব্রাহাম জানতেন না কেন  
ঈশ্বর তাকে এ কাজ করতে বললেন।  
তিনি জানতেন না যে ঈশ্বর তার ভালবাসার  
পরীক্ষা করছেন। ঈশ্বর এইভাবে অব্রাহাম ও  
ইসহাককে শিক্ষণ দিলেন। ● তিনি আমাদেরও  
এইভাবে শিক্ষণ দিচ্ছেন, কিভাবে পাপের  
নিমিত্ত বলি উৎসর্গ করতে হয়। ●

অব্রাহাম দৃঃখিত হয়ে পাহাড়ের উপর গেলেন  
(কারণ) তিনি ইসহাককে ভালবাসতেন। কিন্তু  
অব্রাহাম ঈশ্বরের বাধ্য হলেন। ইসহাক তাকে (বেদীর)  
পাথরগুলো এনে সাজাতে সাহায্য করল। ইসহাক  
প্রশ্ন করল : “হোমবলির জন্য সেই  
মেষশাবক কোথায় ?” অব্রাহাম উত্তর  
দিলেন : “ঈশ্বর নিজেই সেই  
মেষশাবক জুগিয়ে দেবেন।”



অব্রাহাম ও ইসহাক একটা বেদী নির্মাণ  
করলেন। অব্রাহাম ইসহাককে সেই বেদীর  
উপর রাখলেন। ইসহাককে অবশাই  
মরার জন্য প্রস্তুত হতে হচ্ছিল।

কিন্তু ঈশ্বর ইসহাককেও ভালবাসতেন।  
তিনি চাইলেন না ইসহাক মরুক।  
(তাই) তার পরিবর্তে অন্য আর একটা  
বলিদান তিনি করলেন।

অব্রাহাম যখন ইসহাককে বলি দেওয়ার জন্য ছুরি  
হাতে নিলেন। ঈশ্বর তখনই স্বর্গ থেকে অব্রাহামকে ডেকে  
বললেন, “অব্রাহাম! থাম! তোমার পুত্রকে তৃমি  
আধাত করো না!  
আমি তোমার ভালবাসার পরিচয় পেয়েছি।”

পরে ঈশ্বর অব্রাহামকে জংগলে আটকে  
পড়া একটা মেষশাবক দেখালেন।  
এই মেষশাবকটিকে ঈশ্বর ইসহাকের  
পরিবর্তে (বলিদানের জন্য)  
রেখেছিলেন। মেষশাবকটিকে বেদীর  
উপর বলি দেয়া হলো।  
আর ইসহাককে স্বাধীন ভাবে বেঁচে  
থাকার জন্য ছেড়ে দেয়া হলো।





ঈশ্বর তার পুত্র যীশুকে  
তোমার রঞ্জন জন্য পাঠালেন।

যে লোকেরা পাপ করে তারা স্বর্গে যেতে পারে না  
মৃত্যুর পরে নরকে এক ভয়ংকর স্থানে তাদের যেতে হয়।  
আমরা সবাই পাপ করেছি ধার জন্য সবাইকে নরকে যেতে হবে।  
কিন্তু ঈশ্বর আমাদের ভালবাসলেন তাই তিনি আমাদের  
স্বর্গে নিয়ে যেতে চান। ● তিনি তার পুত্রকে পাঠালেন আমাদের  
হয়ে মরতে; যেমন তিনি একটি মেষশাবককে পাঠিয়েছিলেন  
ইসহাকের জায়গায় মরতে ● ● যীশু খ্রীষ্টই ঈশ্বরের  
মেষশাবক যিনি জগতের পাপভার তুলে নিলেন। ●  
পরে তিনি আবার জীবিত হলেন। তুমি তাকে দেখতে  
পার না কিন্তু তিনি অবশ্যই জীবিত আছেন (যেহেতু)  
তিনি তোমাকে ভালবাসেন, তাই তিনি  
তোমাকে সাহায্য করতে চান।

ঈশ্বরের পুত্র যীশুকে তোমার অবশ্যই গ্রহণ করা উচিত।  
(আগের মত) এখন আর বেদির উপর বলি উৎসর্গ করতে হবে না।  
কেবলমাত্র ঈশ্বরের পুত্রকে বলিরাপে গ্রহণ করে নাও।  
একমাত্র যীশু যিনি তোমাকে রঞ্জন করতে পারেন,  
তিনিই তোমার ত্রাণকর্তা। যীশু তোমার পাপ বহন করে নেবেন।  
● যীশুকে ত্রাণকর্তা হিসাবে গ্রহণ কর এবং তিনি তোমাকে  
স্বর্গে নিয়ে যাবেন। ● (নীচের) এই প্রার্থনাটি বলো  
এবং পরে নিজের ভাষায় প্রার্থনা কর।

### প্রার্থনা

প্রভু তোমার পুত্র যিনি আমার পাপের জন্য মরেছেন তাকে  
আমি এখন গ্রহণ করছি। আমার পাপ তুলে নেবার জন্য  
তুমি তাকে বলিরাপে পাঠিয়েছিলে। আমার ত্রাণকর্তা যীশুকে  
পেয়ে আমি এখন স্বাধীন। প্রভু তোমাকে ধন্যবাদ দিচ্ছি  
আজকের দিনে আমাকে সুরক্ষণ করার জন্য।



এবারে একাদশ পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।